

- ৪। সত্যবতী থেকে বকুল—এই যাত্রাপথে ‘প্রতিশ্রুতি’ কীভাবে স্থান বদল করে যায় আবার একইসঙ্গে হারিয়েও যায়—আখ্যান বিচার করে ব্যাখ্যা করো।
- ৫। শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ইতিহাস পুনর্নির্মাণের আকাঙ্ক্ষা ‘তুঙ্গভদ্রার তীরে’ উপন্যাসের রোমাঞ্চ ভাবনাকে কি ব্যাহত করেছে? যুক্তিযুক্ত মতামত দাও।

অথবা

- ৬। শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ‘তুঙ্গভদ্রার তীরে’ উপন্যাসে মাতৃভূমির ধারণা কীভাবে প্রকাশ পেয়েছে? আলোচনা করো।
- ৭। ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসের সুধা চরিত্রটি এমনকি লেখককেও খানিক বিড়ম্বনা তৈরি করে দিয়েছিল।—সুধা প্রসঙ্গে এই মন্তব্য কি তুমি মেনে নেবে? লেখকের নির্মিত চরিত্র কি লেখকের নিয়ন্ত্রণ অস্বীকার করতে পারে আদৌ? যুক্তিসহ নিজের অবস্থান স্পষ্ট করো।

অথবা

- ৮। ‘মায়ামৃদঙ্গ’ শব্দটি নানাভাবে ফিরে ফিরে আসে ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসে। মায়ামৃদঙ্গের ধারণা কীভাবে এই উপন্যাসে উপস্থাপিত হয়েছে সংক্ষেপে আলোচনা করো।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-৪.১

বাংলা উপন্যাস পর্ব-২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। “মুক্তির দশকে একহাজার তিরিশি জনের মৃত্যুর পরে চুরাশি নম্বরে ব্রতীর নাম,” উপন্যাসের নাম ‘হাজার চুরাশির মা’ আর মহাশ্বেতা নিজে বলেছেন, ‘লিখেছিলাম এক অরাজনৈতিক জননীকে নিয়ে, যার সঙ্গে তার ছেলের সম্পর্ক এমনই, ছেলেকে পেয়ে ও নিজেকেও খুঁজে পায়।’—উপন্যাস সম্পর্কে এই মন্তব্যগুলি তুমি কীভাবে একটি সমগ্রতায় পড়তে চাও জানাও।

অথবা

- ২। মহাশ্বেতার নিজের কথায় ‘হাজার চুরাশির মা’ সময়ের কাছে প্রতিশ্রুতিবদ্ধ এক সৎ সাহিত্যিকের বিবেকের দায়। উপন্যাসের নির্মাণে এই দায়বদ্ধতা কীভাবে কতটা ক্রিয়াশীল আলোচনা করো।
- ৩। ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসে সত্যবতীর সিদ্ধান্তগুলি একদিকে তাঁর পারিবারিক জীবনকে কীভাবে বিপন্ন করেছে আর অন্যদিকে প্রতিকূলতার বিরুদ্ধে কীভাবে প্রবল প্রতিরোধ রচনা করেছে উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

অথবা

[পর পৃষ্ঠায়]